

জীবনের জন্য বিজ্ঞান  
"শেখ হাসিনার দর্শন,  
সব মানুষের উন্নয়ন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ  
সংস্থাপন-৩  
ড. কুদরাত-এ-খুদা সড়ক, খানমন্ডি, ঢাকা-১২০৫  
www.bcsir.gov.bd



নং-৩৯.০২.০০০০.০০৯.৯৯.০০৬.১৭-১২৬৬

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪২৭  
২৩ মে ২০২০

### অফিস আদেশ

বিশ্বে মহামারী করোনা ভাইরাস সংক্রমণ ঠেকাতে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত পত্রে সব সরকারি কর্মকর্তা-কর্মচারীদেরকে কর্মস্থলে বাধ্যতামূলক মাস্ক পরাসহ নিম্নলিখিত ১৩ দফা নির্দেশনা দিয়েছেন। উক্ত ১৩ দফা নির্দেশনা বিসিএসআইআর-এর সকল বিজ্ঞানী/কর্মকর্তা/কর্মচারীদের মেনে চলার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১. প্রয়োজনীয় সংখ্যক জীবাণুমুক্তকরণ টানেল স্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য গণপূর্ত মন্ত্রণালয়কে নির্দেশনা প্রদান করা যেতে পারে।
২. অফিস চালু করার আগে অবশ্যই প্রতিটি অফিস কক্ষ, আঙিনা ও রাস্তাঘাট জীবাণুমুক্ত করতে হবে। ৩. প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগে প্রবেশপথে থার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে কর্মকর্তা-কর্মচারীদের শরীরের তাপমাত্রা পরীক্ষা করে অফিসে প্রবেশ করাতে হবে।
৪. অফিসের পরিবহনগুলো অবশ্যই শতভাগ জীবাণুনাশক দিয়ে জীবাণুমুক্ত করতে হবে। যানবাহনে বসার সময় পারস্পারিক ন্যূনতম তিন ফুট শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে এবং সবাইকে মাস্ক (সার্জিক্যাল মাস্ক অথবা তিন স্তর বিশিষ্ট কাপড়ের মাস্ক, যা নাক ও মুখ ভালোভাবে ঢেকে রাখবে) ব্যবহার করতে হবে।
৫. সার্জিক্যাল মাস্ক শুধু একবার হিসেবে ব্যবহার করা যাবে। তবে কাপড়ের মাস্ক সাবান দিয়ে পরিষ্কার করে পুনরায় ব্যবহার করা যাবে।
৬. যাত্রার পূর্বে এবং যাত্রাকালীন পথে বার বার হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
৭. খাওয়ার সময় শারীরিক দূরত্ব (ন্যূনতম তিন ফুট) বজায় রাখতে হবে।
৮. প্রতিবার টয়লেট ব্যবহারের পরে সাবান দিয়ে জীবাণুমুক্তকরণ নিশ্চিত করতে হবে।
৯. অফিসগুলোতে কাজ করার সময় শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে।
১০. কর্মস্থলে সবাইকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং ঘন ঘন সাবানপানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
১১. কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন সাধারণ নির্দেশনাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি নিয়মিত মনে করিয়ে দিতে হবে এবং তারা স্বাস্থ্যবিধিগুলো মেনে চলছে কিনা- তা মনিটর করতে হবে। ভিজিলেন্স টিমের মাধ্যমে মনিটর কার্যক্রম পরিচালনা করতে হবে।
১২. দৃশ্যমান একাধিক স্থানে ছবিসহ স্বাস্থ্য সুরক্ষা নির্দেশনা বুলিয়ে রাখতে হবে।
১৩. কোনো কর্মচারীকে অসুস্থ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তাকে আইসোলেশন বা কোয়ারেন্টিনে রাখার ব্যবস্থা করতে হবে।

এতদসংক্রান্ত সরকারি নির্দেশাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

স্বাক্ষরিত  
বেনজীর আহাম্মেদ  
উপ-সচিব  
বিসিএসআইআর

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে প্রেরণ করা হল : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. সদস্য (প্রশাসন) / (অর্থ) / (উন্নয়ন) / (বিজ্ঞান ও প্রযুক্তি) / সচিব, বিসিএসআইআর, ঢাকা।
০২. পরিচাক/ভারপ্রাপ্ত পরিচালক, পিপিএন্ডপিডিসি/আইএমএমএম বিসিএসআইআর, জয়পুরহাট/ডিআরআইসিএম/ঢাকা গবেষণাগার/আইজিসিআরটি/বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম/রাজশাহী গবেষণাগার/আইএফএসটি/আইএফআরডি/আইএনএআরএস/পিএন্ডডি/আইটিআই/বিটিআরআই, বিসিএসআইআর, ঢাকা।
০৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, চামড়া গবেষণা ইনস্টিটিউট, বিসিএসআইআর, নয়রহাট, সাভার, ঢাকা।
০৪. গবেষণা সমন্বয়কারী/মেডিক্যাল কনসালট্যান্ট/প্রিন্সিপ্যাল লাইব্রেরিয়ান/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (অর্থ ও হিসাব), বিসিএসআইআর, ঢাকা।
০৫. উপ-সচিব-১/সিনিয়র ইন্সপেক্টর লিয়াজৌ অফিসার/জনসংযোগ কর্মকর্তা, বিসিএসআইআর, ঢাকা।
০৬. আহ্বায়ক, তথ্য প্রযুক্তি তদারকি সংক্রান্ত কমিটি, বিসিএসআইআর, ঢাকা [ অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ]।
০৭. নির্বাহী কর্মকর্তা/সহ: সচিব/ প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা-১ / ২ / ৩ / ৪ / সেবা শাখা, বিসিএসআইআর, ঢাকা।
০৮. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিএসআইআর, ঢাকা।
০৯. সহকারি নিরাপত্তা কর্মকর্তা, নিরাপত্তা শাখা, বিসিএসআইআর, ঢাকা।